

নং- ধবিম/হ:শা:/৪-২৫১/২০১৩-১০৩

তারিখ: ০৮ ফাল্গুন ১৪২৭
২২ মার্চ ২০২১

প্রজ্ঞাপন

যেহেতু আপনি জনাব মোহাম্মদ নাজিম উদ্দীন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনাকারী হিসেবে রাহমানিয়া ইন্টারন্যাশনাল (হজ লাইসেন্স নং-১১১৫), ১৮৯/২০৩, হাজী ইউনুস মার্কেট (১ম তলা), সিডিএ এভিনিউ, মুরাদপুর, চট্টগ্রাম এর মালিক/মোনাঞ্জেম হিসেবে দায়িত্ব পালন করেছেন; এবং

০২। যেহেতু আপনি যথাযথভাবে হজ লাইসেন্স পরিচালনায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সঙ্গে জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ মোতাবেক অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং

০৩। যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে জনাব প্রকৌশলী মোহাম্মদ নুরুন্নবী, নাঙ্গলকোট, কুমিল্লা ও জনাব মো: জালাল উদ্দিন, মুরাদপুর, চট্টগ্রাম নিম্নরূপ অভিযোগ দায়ের করেন:

“২০১৯ সালের হজে হজযাত্রীদের টিকেট বুকিং সংক্রান্ত অভিযোগ”; এবং

০৪। যেহেতু আপনার হজ এজেন্সির বিরুদ্ধে গত ১২.১১.২০২০ খ্রি. তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ধবিম/হ:শা:/৪-২৫১/২০১৩-৪১১নং স্মারকে ০৭ (সাত) দিনের মধ্যে জবাব প্রেরণের জন্য কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়; এবং

০৫। যেহেতু আপনি গত ২০.১২.২০২০ খ্রি. তারিখে কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেছেন এবং আপনি আপনার স্বপক্ষে যুক্তি উপস্থাপন করতে ব্যর্থ হয়েছেন; এবং

০৬। যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ বাংলাদেশে গঠিত তদন্ত কমিটি তদন্ত করেছে ও তদন্ত আপনার বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ সুস্পষ্টভাবে প্রমানিত হয়েছে এবং তদন্ত কমিটি শাস্তির সুপারিশ করেছে; এবং

০৭। যেহেতু আপনার এ ধরনের কার্যক্রমের ফলে জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এর ২৪.১ এ বর্ণিত শাস্তির কারণসমূহ বিদ্যমান;

০৮। সেহেতু তদন্ত কমিটির সুপারিশ মোতাবেক জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এর ২৪.২ অনুযায়ী আপনার পরিচালিত রাহমানিয়া ইন্টারন্যাশনাল (হজ লাইসেন্স নং-১১১৫) এর জামানত বাজেয়াপ্তসহ হজ লাইসেন্স বাতিল করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


২২.০৩.২০২১

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব

ফোন: ৯৫৪৬৫৯০

e-mail: morahajsection@gmail.com


নং- ধবিম/হ:শা:/৪-২৫১/২০১৩-১০৩

তারিখ: ০৮ ফাল্গুন ১৪২৭
২২ মার্চ ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব
৪. পরিচালক, হজ অফিস, বিমানবন্দর, ঢাকা
৫. উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (তাকে প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
৬. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)

৭. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৮. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাতারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা
৯. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা (www.hajj.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১০. জনাব মোহাম্মদ নাজিম উদ্দীন, স্বত্বাধিকারী, রাহমানিয়া ইন্টারন্যাশনাল (হজ লাইসেন্স নং-১১১৫), ১৮৯/২০৩, হাজী ইউনুস মার্কেট (১ম তলা), সিডিএ এভিনিউ, মুরাদপুর, চট্টগ্রাম
১১. অফিস কপি


২২.০৩.২০২১

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব